

সান ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত হতে যাচ্ছে

৪র্থ ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট ২০১৮

লোকসংগীত বাঙালি জাতির হাজার বছরের বর্ণাঢ্য সাংস্কৃতিক ঐতিহ্যের ধারক ও বাহক। লোকজ সংগীতের তাল, লয় ও ছন্দের অপূর্ব সংমিশ্রণে খুঁজে পাওয়া যায় আত্মার শান্তি ও স্রষ্টার সান্নিধ্য। আমাদের নিজেদের গান, অন্তরের গান লোকসংগীতের চর্চা এবং প্রসারের জন্য গত তিন বছর ধরে আয়োজিত হয়ে আসছে ‘ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট, আন্তর্জাতিক লোকসংগীত উৎসব’।

দেশের সর্বস্তরের মানুষের কাছে লোকসংগীতকে পৌঁছে দেয়া এবং এর সংরক্ষণ ও পৃষ্ঠপোষকতা করাই সান ফাউন্ডেশন এর লক্ষ্য। বাংলাদেশের লোকসংগীত শিল্পীদের রয়্যালটি এবং তাদের স্বত্ব নিশ্চিত করার উদ্দেশ্যে সান ফাউন্ডেশন কাজ করবে। আমাদের লোকসংগীতের বিশাল রত্নভান্ডারকে বিশ্বের দরবারে পরিচিত করার এই ধারাবাহিকতা আগামীতেও অব্যাহত থাকবে।

সান ফাউন্ডেশনের উদ্যোগে এবার আয়োজিত হতে যাচ্ছে, দক্ষিণ এশিয়ার সবচেয়ে বড় লোকসংগীতের উৎসব ‘ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট, আন্তর্জাতিক লোকসংগীত উৎসব-২০১৮’। বাংলাদেশ আর্মি স্টেডিয়ামে আগামী ১৫ থেকে ১৭ নভেম্বর, সন্ধ্যা ৬.০০টা থেকে রাত ১২.০০টা পর্যন্ত দর্শকরা উপভোগ করবেন বাংলাদেশসহ বিশ্বের সেরা লোকসংগীত শিল্পীদের পরিবেশনায় শেকড় সন্ধানী গানগুলো। বাংলাদেশসহ বিশ্বের ৭টি দেশ থেকে ১৭৪ জন শিল্পী জড়ো হচ্ছেন একই মঞ্চে। এবারের আসরে উল্লেখযোগ্য শিল্পীরা হলেন বাংলাদেশের মমতাজ বেগম, বাউল আব্দুল হাই দেওয়ান, বাউল কবির শাহ, অর্গব, নকশীকাঁথা, স্বরব্যাজ্ঞা ও ভাবনা নৃত্য দল। ভারত থেকে ওয়াদালি ব্রাদার্স, রাঘু দিক্লিত, সাত্যকি ব্যানার্জি, পাকিস্তান থেকে শাফকাত আমানাত আলী, বাহরাইন থেকে মাজায়, যুক্তরাষ্ট্র থেকে গ্র্যামি বিজয়ী লস টেক্সমেনিয়ান্স, পোল্যান্ড থেকে দিকান্দা এবং স্পেন থেকে লাস মিগাস সংগীত পরিবেশন করবেন।

প্রতিবারের মত এবারও দর্শকরা বিনামূল্যে শুধুমাত্র অনলাইন রেজিস্ট্রেশনের মাধ্যমে অনুষ্ঠানটি সরাসরি উপভোগ করতে পারবেন। রেজিস্ট্রেশন শুরু হবে ৬ নভেম্বর থেকে। এজন্য দর্শকদের **dhakainternationalfolkfest.com** ওয়েবসাইটটিতে গিয়ে রেজিস্ট্রেশন করতে হবে। এছাড়াও **shohoz.com/events** এবং গ্রামীণফোন গ্রাহকরা **MyGP** অ্যাপ এর মাধ্যমেও রেজিস্ট্রেশন করতে পারবেন। প্রতিদিন বিকাল ৩টা থেকে রেজিস্ট্রেশন শুরু হবে, চলবে ৫ দিন পর্যন্ত। রেজিস্ট্রেশনের জন্য পাসপোর্ট সাইজ ছবি এবং জাতীয় পরিচয়পত্র/ ড্রাইভিং লাইসেন্স/ পাসপোর্টের স্ক্যান কপি প্রয়োজন হবে। রেজিস্ট্রেশন সম্পন্ন হলে আপনার দেয়া ই-মেইলে পৌঁছে যাবে তিন দিনের তিনটি ভিন্ন ভিন্ন এন্ট্রি পাস। উৎসবস্থলের প্রবেশপথে প্রতিদিন প্রিন্টকৃত এন্ট্রি পাসটি দেখিয়ে প্রবেশ করতে হবে। এছাড়াও ফেসবুকে ‘ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট’ পেইজটিতে পাওয়া যাবে আয়োজনের সকল তথ্য। বিস্তারিত জানার জন্য কল করুন ১৬৩৭৪ নম্বরে।

‘ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট, আন্তর্জাতিক লোকসংগীত উৎসব ২০১৮’ উপলক্ষে ৫ নভেম্বর ‘দ্য ওয়েস্টিন ঢাকা’ হোটেলে সকাল ১১:৩০ মিনিটে একটি সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সান ফাউন্ডেশন ও সান কমিউনিকেশনস লিমিটেড-এর চেয়ারম্যান জনাব অঞ্জন চৌধুরী, বেঙ্গল ফাউন্ডেশন এর চেয়ারম্যান জনাব আবুল খায়ের, ঢাকা ব্যাংক লিমিটেড এর ম্যানেজিং ডিরেক্টর ও

সিইও জনাব সৈয়দ মাহবুবুর রহমান, গ্রামীণফোনের চিফ বিজনেস অফিসার জনাব মাহমুদ হোসেন এবং মাননীয় সংসদ সদস্য ও লোকসংগীত শিল্পী মমতাজ বেগম। সংবাদ সম্মেলনে তাঁরা পৃথক পৃথক বক্তব্যের মাধ্যমে সারা বিশ্বের কাছে বাংলা লোকসংগীতের ঐতিহ্য ও বিশাল রত্নভাণ্ডার তুলে ধরার ব্যাপারে আলোচনা করেন।

অনুষ্ঠানটির টেলিভিশন সম্প্রচারের দায়িত্বে থাকবে মাছরাঙা টেলিভিশন। এছাড়াও গ্রামীণফোনের অনলাইন ভিডিও স্ট্রিমিং সার্ভিস- বায়োস্কোপ লাইভে থাকবে অনুষ্ঠানটি লাইভ দেখার সুযোগ।

‘ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট, আন্তর্জাতিক লোকসংগীত উৎসব ২০১৮’-এর টাইটেল স্পন্সর মেরিল, পাওয়ার্ড বাই ঢাকা ব্যাংক লিমিটেড, ইন অ্যাসোসিয়েশন উইথ গ্রামীণফোন, সাপোর্টেড বাই রাঁধুনি, ব্রডকাস্ট পার্টনার মাছরাঙা টেলিভিশন, পেমেন্ট পার্টনার বিকাশ, লজিস্টিক পার্টনার বেঙ্গল ডিজিটাল, রেডিও পার্টনার রেডিও দিনরাত, পিআর পার্টনার মিডিয়াকম, মেডিকেল পার্টনার স্কয়ার হসপিটালস্ লিমিটেড, সিকিউরিটি পার্টনার এইজিস সিকিউরিটি ফোর্স, হসপিটালিটি পার্টনার ফোর পয়েন্টস বাই শেরাটন, ঢাকা এবং রেজিস্ট্রেশন পার্টনার সহজ, উৎসবের আয়োজক সান কমিউনিকেশনস লিমিটেড।

ঢাকা ইন্টারন্যাশনাল ফোকফেস্ট এর ছবি এবং বিস্তারিত তথ্য পেতে ভিজিট করুন:
http://dhakainternationalfolkfest.com/press_room